কোটচাঁদপুরে বিদ্যুতের তারে জড়িয়ে গরুসহ কৃষকের মৃত্যু, আহত ১

ঝিনাইদহের কোটচাঁদপুরে ড্রাগন ক্ষেতে শেয়াল প্রবেশ ঠেকাতে বেড়া দেওয়া বিদ্যুতের তারে জড়িয়ে একটি গরুসহ শাহাদত হোসেন নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। আহত হয়েছে ইকতার হোসেন নামের আরও একজন।

বৃহস্পতিবার সকালে উপজেলার তারসার গ্রামে এ ঘটনা ঘটে। মৃত শাহাদত হোসেন ওই গ্রামের মৃত আমীর আলীর ছেলে।

স্থানীয় পল্লী চিকিৎসক মশিউর রহমান জানান, তালসার গ্রামের একটি ড্রাগন ফলের বাগান রক্ষার জন্য মালিক আজিজুল হক জমির চারপাশে বৈদ্যুতিক তার পেঁচিয়ে রাখেন।

বৃহস্পতিবার সকালে শাহাদত হোসেন নিজের জমি চাষ করতে একই গ্রামের চাষি ইকতার হোসেনকে নিয়ে মাঠে যান। জমি চাষের সময় বিদ্যুতের তার গরুর পায়ে পেচিয়ে গেলে গরুটি পড়ে যায়।

সেসময় শাহাদত ও কৃষক ইকতার গরুটি তুলতে গেলে তারা বিদ্যুতায়িত হয়। এতে ঘটনাস্থলেই শাহাদত হোসেন ও একটি গরু মারা যায়। আহত হয় ইকতার। সেখান থেকে তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

কোটচাঁদপুর মডেল থানা ওসি কবির হোসেন মাতুব্বর মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে বলেন, ড্রাগন বাগানের মালিক আজিজুল হক পলাতক রয়েছেন। তাকে আটকের চেষ্টা চলছে।

ঝিনাইদহে সামাজিক সম্প্রীতি

সমাবেশ ও আলোচনা সভা

ঝিনাইদহ পৌরসভার ২নং ওয়ার্ডের ষাটবাড়িয়া গ্রামে সামাজিক সম্প্রীতি সমাবেশ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গত ৫ আগস্ট ২০২৪-এর পর সামাজিক দ্বন্দকে কেন্দ্র করে একাধিকবার সংঘর্ষের ঘটনা ঘটে। এতে দু’পক্ষের বহু পরিবার ঘরবাড়ি ছেড়ে পালিয়ে যায়। এ ঘটনায় ঝিনাইদহ সদর থানায় শতাধিক মানুষের বিরুদ্ধে মামলা হয়।

সংঘর্ষের এই রেশ কাটাতে ঝিনাইদহ জেলা বিএনপি’র সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদের উদ্যোগে আয়োজিত হয় সামাজিক সম্প্রীতি সমাবেশ। গতকাল সকাল ১০টায় ষাটবাড়িয়া ঋষিপাড়ার মন্দিরে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা সামনের দিনে মিলেমিশে বসবাসের শপথ নেন। বিশেষ করে মন্দির প্রাঙ্গণ থেকে সকলকে সামাজিক সম্প্রীতি রক্ষার অঙ্গীকার করানো হয়। এসময় অতীতে মাদক ব্যবসা ও সেবনের সঙ্গে জড়িতদের সতর্ক করা হয়। ভবিষ্যতে কেউ মাদক বিক্রি বা সেবনে জড়িত হলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার ঘোষণা দেওয়া হয়।

এছাড়া এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে ১০ জন মাতুব্বর ও ১০ জন জ্ঞানী ব্যক্তিকে নিয়ে ২০ সদস্যের একটি কমিটি গঠন করা হয়। স্থানীয় কোনো সমস্যা হলে প্রথমে এ কমিটি সালিশি করবে। যদি সমাধান না হয় তবে ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুনের সহযোগিতা নেওয়া হবে।

এ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা বিএনপি’র সভাপতি অ্যাড. এম এ মজিদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সিনিয়র সহ-সভাপতি আক্তারুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার ঝিনাইদহ সার্কেল মাহফুজ হোসেন, ঝিনাইদহ জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস। এ সভায় সভাপতিত্ব করেন, ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন।

ঝিনাইদহে বিদেশি আনার চাষে কৃষকের সফলতার স্বপ্ন

ঝিনাইদহের মহেশপুর উপজেলার যুগিরহুদা গ্রামে আনার ফলের বাগান গড়ে তুলে সফলতার স্বপ্ন দেখছেন তরুণ উদ্যোক্তা সোহেল রানা আব্দুল্লাহ। বিদেশি জাতের আনার চাষ করে তিনি একদিকে যেমন আর্থিকভাবে স্বাবলম্বী হওয়ার স্বপ্ন দেখছেন, অন্যদিকে স্থানীয়দের মধ্যে জাগিয়েছেন নতুন সম্ভাবনা।

জানা যায়, ২০২১ সালে ইউটিউব ভিডিও দেখে অনুপ্রাণিত হয়ে পাশ্ববর্তী জেলা থেকে ভারতীয় ভাগওয়া জাতের ৯১টি চারা সংগ্রহ করে এক বিঘা জমিতে রোপণ করেন আব্দুল্লাহ। গাছ লাগানোর দুই বছর পর থেকেই ফুল আসা শুরু হয়। বর্তমানে তার পুরো বাগান ভরে গেছে ফলে ফলে। একেকটি গাছে ৩০ থেকে ৮০টি পর্যন্ত আনার ধরছে। বাগান দেখতে প্রতিদিন দূর-দূরান্ত থেকে লোকজন ভিড় জমাচ্ছে। ফলগুলো লালচে-সবুজ আভা ছড়িয়ে ঝলমল করছে, যেন প্রকৃতির ক্যানভাসে আঁকা রঙিন তুলির আঁচড়।

স্থানীয় কৃষক আজিজুল হক বলেন, শুরুতে আমরা ভেবেছিলাম এই মাটিতে আনার হবে না। কিন্তু এখন দেখছি ফলনে ভরপুর গাছ। দেখে মনটা ভরে যায়।

দর্শনার্থী কলেজছাত্র আশিকুর রহমান জানান, ফেসবুকে ছবি দেখে এসেছি। সত্যিই চোখধাঁধানো দৃশ্য। মনে হয় যেন কাশ্মীরের কোনো বাগান।

উদ্যোক্তা সোহেল রানা আব্দুল্লাহ বলেন, প্রথমে অনেকেই নিরুৎসাহিত করেছিল। তবে আমি হাল ছাড়িনি। স্থানীয় বাজারে আনারের চাহিদা ভালো থাকায় আশা করছি এ মৌসুমেই দেড় থেকে দুই লাখ টাকার ফল বিক্রি করতে পারব। ভবিষ্যতে আরও জমি নিয়ে আনার চাষ বাড়ানোর পরিকল্পনা আছে।”

এ ব্যাপারে মহেশপুর উপজেলা কৃষি কর্মকর্তা ইয়াসমিন সুলতানা বলেন, আনার বাংলাদেশের আবহাওয়ায় একটি নতুন সম্ভাবনা। আমরা উদ্যোক্তাদের পাশে আছি। আব্দুল্লাহর সফলতা অন্যদেরও অনুপ্রাণিত করবে।”

আব্দুল্লাহ’র এমন সাফল্যে গ্রামজুড়ে শুরু হয়েছে আলোচনার ঝড়। প্রথমদিকে সমালোচকরা এখন উৎসাহ পাচ্ছেন আনার চাষে। ফলে আনার চাষ ঝিনাইদহের কৃষি খাতের নতুন সম্ভাবনার দুয়ার খুলতে পারে।

ঝিনাইদহে শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ

“তারুণ্যের উৎসব ২০২৫” উপলক্ষ্যে ঝিনাইদহ সদরের আনোয়ার জাহিদ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে বিনা মূল্যে ২৫০টি ফলজ ও বোনজ গাছের চারা বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার দুপুরে ওই স্কুলের ২৫০জন ছাত্র-ছাত্রীর মাঝে এই চারা বিতরণ করা হয়। বিদ্যালয়ের সভাপতি আবু বকর সিদ্দিকের সভাপতিত্বে চারা বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ঝিনাইদহের উপ-পরিচালক ষট্রি চন্দ্র রায়।

এসময় অতিরিক্ত উপ-পরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মোঃ সেলিম রেজা, ঝিনাইদহ জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার লুৎফর রহমান, উপজেলা কৃষি অফিসার মোঃ নূর- এ- নবী, বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সুদীপ্তা চন্দনা, উপ-সহকারী কৃষি কর্মকর্তা মোঃ মফিজ উদ্দিন, ফেরদৌস হায়দার, আবদুল্লাহ আল মামুন, বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উপ-পরিচালক ষট্রি চন্দ্র রায় বলেন, গাছ আমাদের কাঠ দেয়, ফল দেয়, ছায়াদেয় এছাড়া পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য প্রত্যেকে বাড়ির আঙ্গিনায় গাছ লাগাতে হবে।

মহেশপুর সীমান্তে অবৈধভাবে পারাপারের সময় ৬ বাংলাদেশি আটক

অবৈধভাবে সীমান্ত পারাপারের সময় বাংলাদেশী ৬ নাগরিক বিজিবি’র হাতে আটক হয়েছে।

মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর সহকারী পরিচালক মুন্সী ইমদাদুর রহমানের পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে জানা যায়, সোমবার (১ সেপ্টেম্বর) আনুমানিক সাড়ে ৫টার দিকে ঝিনাইদহের মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধীনস্থ বাঘাডাঙ্গা বিওপির দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার ৬০/৩৭-আর হতে আনুমানিক ২০ গজ বাংলাদেশের অভ্যন্তরে বাঘাডাঙ্গা গ্রামের মো. লাবু মিয়ার মেহগনি বাগান থেকে হাবিলদার মো. জিনারুল ইসলামের নেতৃত্বে নিয়মিত টহল পরিচালনা করে অবৈধভাবে বাংলাদেশ থেকে ভারতে গমনকালে ২ জন পুরুষ, ১ নারী এবং ৩ শিশুসহ মোট ৬ জন বাংলাদেশি নাগরিককে আটক করা হয়।

আটককৃতদের মহেশপুর থানায় হস্তান্তর করা হয়েছে।

আটককৃত পুরুষরা হলেন যশোর জেলার শার্শা উপজেলার মো. ওসমান গণির ছেলে মো. আলমগীর হোসেন (৩৫) এবং ঢাকা জেলার উত্তর খান থানার চানপাড়ার গোকুল মন্ডলের ছেলে পরিমলচন্দ্র মন্ডল (৫২)।

ঝিনাইদহে অবৈধ মজুদকৃত সার কৃষকদের মাঝে বিক্রয়

ঝিনাইদহে গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে ৫০৬ বস্তা অবৈধ মজুদকৃত রাসায়নিক সার কৃষকদের মাঝে সরকারী মূল্যে বিক্রয়ের আদেশ দিয়েছেন ভ্রাম্যমান আদালত। গত সোমবার বিকালে এই সার জব্দ করা হয়েছে।

অভিযানে অবৈধ মজুদকারী বিসিআইসি সারের সাব ডিলার নুর জালাল প্রধানকে ভ্রাম্যমাণ আদালতে নগদ ১ লাখ টাকা অর্থদন্ড ও অনাদায়ে ৬

মাসের কারাদন্ড দেওয়া হয়।

গত রবিবার সকাল থেকে বৈধ কৃষকদের মাঝে এই সার বিক্রয় করা হয়। গতকাল সোমবার বিকালে সদর উপজেলার হলিধানী ইউনিয়নের শালিয়া গ্রামসহ আশপাশের এলাকায় রাসায়নিক সারের অবৈধ মজুদের সন্ধানে অভিযান পরিচালনা করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) হোসনে আরা, সদর কৃষি কর্মকর্তা নূর নবী, অন্যান্য কৃষি কর্মকর্তা ও গোয়েন্দা সংস্থার সদস্যরা উপস্থিতে এই সার জব্দ করা হয়।

জানা গেছে, নুর জালাল প্রধান হলিধানী বাজারের মেসার্স মতিন টেডার্সের সত্ত্বাধিকারী ও বিসিআইসি’র সাব ডিলার। তিনি দীর্ঘদিন ইউনিয়নের মূল ডিলারের কাছ থেকে তার বরাদ্দের সার উত্তোলন করলেও কৃষকদের কাছে ন্যায্য মূল্যে বিক্রি না করে বিভিন্ন জায়গায় মজুদ করে অবৈধভাবে বেশিদামে কালো বাজারে বিক্রি করে আসছিলেন এমন তথ্যের ভিত্তিতে সোমবার বিকালে অভিযান চালানো হয়।

অভিযানে তার গোডাউন থেকে ৪৩ বস্তা টিএসপি ও ৪৬৩ বস্তা ডিওপি সার জব্দ করা হয়। ভ্রাম্যমাণ আদালতের বিচারক হোসনে আরা ২০১৮ সালের কৃষি বিপণন আইনের ১৯ এর দ ধারায় কৃত্রিম সার সংকট সৃষ্টির দায়ে নুর জালাল প্রধানকে নগদ ১ লাখ টাকা জরিমানা ও অনাদায়ে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড আরোপ করেন।

ইউএনও হোসনে আরা বলেন, জব্দকৃত সারসমূহ উপ-সহকারী কৃষি কর্মকর্তার তত্ত্বাবধানে হলিধানী ইউনিয়ন ও তার পার্শ্ববর্তী সাগান্না এলাকার প্রকৃত কৃষকদের নিকট সরকারি মূল্যে বিক্রয় করা হবে। সেই আদেশ বলে উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে মঙ্গলবার সারাদিন এই সার কৃষকদের মাঝে বিক্রয় করা হয়েছে। এ ধরনের কার্যক্রমে কোন ডিলার জড়িত হলে তার ডিলারশিপ বাতিল করা হবে বলেও তিনি হুঁশিয়ারি দেন।

ঝিনাইদহের সাংবাদিক আমিনুর রহমান টুকু আর নেই

ঝিনাইদহ প্রেসক্লাবের সাবেক সভাপতি ও বার্তা সংস্থা ইউএনবির জেলা প্রতিনিধি মানবাধিকার কর্মী অধ্যক্ষ আমিনুর রহমান টুকু আর নেই। ঢাকার একটি বেসরকারি হাসপাতালে সোমবার (১ সেপ্টম্বর) সকাল সাড়ে নয়টার দিকে তিনি চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর। তিনি স্ত্রী ও চার ছেলেসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। পারিবারিক সূত্রে জানা গেছে, গত ২৪ আগস্ট তিনি ব্রেন স্ট্রোক করে গুরুতর অসুস্থ হয়ে পড়েন। তাকে দ্রুত ঢাকার আল-মানারা হাসপাতালে ভর্তি করে মস্তিস্কে জটিল অপারেশন করা হয়। অপারেশনের পর তিনি কোমায় চলে যান এবং চিকিৎসাধীন থাকার আট দিন পর ইন্তেকাল করেন।

এদিকে আমিনুর রহমান টুকুর মৃত্যুর খবর ঝিনাইদহে পৌঁছালে জেলার সাংবাদিক, রাজনৈতিক ও সুশীল সমাজের মাঝে শোকের ছায়া নেমে আসে। খবর পেয়ে সাংবাদিক, আত্মীয়স্বজন ও বন্ধু মহল ছুটে আসেন তার বাড়িতে। সাংবাদিক আমিনুর রহমানের মৃত্যুতে রাজনৈতিক নেতাদের মধ্যে শোক প্রকাশ করে বিবৃতি ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদ, গণঅধিকার পরিষদের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক রাশেদ খান, জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, জেলা জামায়াতের আমীর আলী আজম মোঃ আবু বকর, সেক্রেটারি আব্দুল আউয়াল, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের আবু হুরায়রা, এনসিপির কেন্দ্রীয় নেতা তারেক রহমান, ঝিনাইদহ ফোরামের সভাপতি মহাব্বত হোসেন টিপু ও প্রমুখ। আমিনুর রহমান টুকুর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে বিবৃতি দিয়েছেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ কাজল, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটন, সাবেক সভাপতি এম রায়হান, সাইফুল মাবুদ, সাবেক সাধারণ সম্পাদক নিজাম জোয়ারদার বাবলু, মাহমুদ হাসান টিপু, আজাদ রহমান, ফয়সাল আহমেদ, দৈনিক নবচিত্র পত্রিকার প্রকাশক আলহাজ্ব শহিদুল ইসলাম ও সম্পাদক অ্যাডভোকেট আলাউদ্দিন আজাদ প্রমূখ। সাংবাদিক নেতৃবৃন্দ এক বিবৃতিতে উল্লেখ করেন, আমিনুর রহমান টুকু ছিলেন জেলার সাংবাদিকদের অভিভাবক ও সমাজ সচেতন ব্যাক্তি। তার মৃত্যুতে জেলাবাসি একজন সুনাগরিককে হারালো।

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনে বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকী পালন

বর্ণাঢ্য আয়োজনে ঝিনাইদহে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪৭তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

এ উপলক্ষে আজ সোমবার বেলা ১১টায় শহরের উজির আলী স্কুল এন্ড কলেজ মাঠ থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। শোভাযাত্রায় নেতৃত্ব দেন, জেলা বিএনপি’র সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদ। শোভাযাত্রাটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। পরে কেন্দ্রীয় শহিদ মিনার চত্বর সংলগ্ন স্বাধীন চত্বরে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

এর আগে জেলা সদরের প্রত্যন্ত এলাকা থেকে নেতা-কর্মীরা শ্লোগানে শ্লোগানে মিছিল নিয়ে শহরের চতুর্দিক থেকে এসে একই জায়গায় জড়ো হয়। পরে জেলা বিএনপি’র সভাপতির নেতৃত্বে শোভাযাত্রা বের করা হয়। এসময় বক্তব্য রাখেন, জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সহ-সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস প্রমুখ।
এসময় আরো উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম সম্পাদক এম শাহজাহান আলী, সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পাপ্পু,

জেলা যুবদলের সভাপতি আহসান হাবীব রনক, সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টু, মহিলা দলের সভাপতি অধ্যক্ষ কামরুন্নাহার লিজি, সাধারণ সম্পাদক তহুরা খাতুন, ছাত্রদলের সভাপতি এসএম সমিনুজ্জামান সমিন, সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান মানিক, সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আশরাফুল আলমসহ বিএনপি’র বিভিন্ন অঙ্গগসংগঠনের নেতা-কর্মীরা।

বক্তারা বলেন, নির্বাচন নিয়ে কোন প্রকার ষড়যন্ত্র হলে তার জবাব রাজপথেই দেওয়ার হুশিয়ারি দেন। আগামী নির্বাচনে বিএনপিকে রাষ্টক্ষমতায় আনতে সকল নেতাকর্মীকে যার যার অবস্থান থেকে কাজ

ঝিনাইদহে ঐতিহ্যবাহী সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত

কালের বিবর্তনে গ্রামবাংলার বহু ঐতিহ্যবাহী খেলাধুলা আজ হারিয়ে যেতে বসেছে। একসময় বিভিন্ন মৌসুমে গ্রামে-গঞ্জে নানা খেলাধুলার আয়োজন হতো, যার অধিকাংশই এখন আর দেখা যায় না। তবে সেই হারিয়ে যাওয়া ঐতিহ্যকে ধরে রাখতে ঝিনাইদহের হরিনাকুণ্ডু উপজেলার কাপাসহাটিয়া ইউনিয়নের দারিয়াপুর গ্রামে অনুষ্ঠিত হলো সাঁতার প্রতিযোগিতা।

গতকাল রবিবার দুপুর ৩টায় দারিয়াপুর গ্রামের যুবসমাজের উদ্যোগে নবগঙ্গা নদীতে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতার দূরত্ব নির্ধারণ করা হয় ৬০০ মিটার।

প্রতিযোগিতায় বিভিন্ন এলাকা ও বিভিন্ন পেশার সাধারণ মানুষ অংশ নেন। মোট ৩০ জন প্রতিযোগীর মধ্যে ১০ জনকে বিজয়ী হিসেবে নির্বাচিত করা হয়।

প্রতিযোগিতায় ১ম স্থান অর্জন করেন দারিয়াপুর গ্রামের রনি, ২য় স্থান অর্জন করেন চাঁদপুরের সোহেল, ৩য় স্থান অর্জন করেন চাঁদপুরের নয়ন। এছাড়াও আরও ৭ জনকে পুরস্কৃত করা হয়। বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হলে উৎসবমুখর পরিবেশে। গ্রামবাসী এই আনন্দঘন পরিবেশ উপভোগ করেন এবং ভবিষ্যতেও এধরনের প্রতিযোগিতা দেখতে চাওয়ার আকাঙ্খা ব্যক্ত করেন।

আয়োজনের সার্বিক সহযোগিতায় ছিলেন, আরশাদুল ইসলাম (ময়ূর) ও রাজ আক্তার। রেফারির দায়িত্ব পালন করেন, সেকেন্দার আলী। এছাড়া সহযোগিতায় ছিলেন জাহাঙ্গীর হোসেন, নাহিদ হাসান, বাসার আহমেদ, শিহাব হোসেন, মানিক মোল্লা প্রমুখ।

[redacted]

[redacted]